আয়োডিন এবং পটাশিয়াম আয়োডাইন আগে জলে ভালোভাবে ' নিন, তবে হাত দিয়ে নয়—কাঁচের ড াঁটি বা অন্য কিছু দিয়ে নাড়াচাড়া ! গুলে দিতে হবে। তারপর কাঁচের বোতলে ভরুন এবং তাতে মেথিলে স্পিরিট ঢেলে দিয়ে বারবার ঝাঁকুন। টিংচার আয়োডিন তৈরি হয়ে গে সস্তা দরের টিংচার আয়োডিন তৈরি করতে হলে মেথিলেটেড স্পি মাত্রা অবশ্যই বাড়াতে হবে। তৈরি আয়োডিন কাঁচের শিশিতে প্যাক ক হবে।

উত্তম কোয়ালিটির টিংচার আয়োডিন করতে হলে মেথিলেটেড স্পি পরিবর্তে রেকটিফায়েড স্পিরিট ব্যবহার করতে হবে।

দাদের মলম তৈরির ফরমুলা

উপকরণ

বরিক অয়েন্টমেন্ট	২৫ গ্রা
সালফার অয়েন্টমেন্ট	২৫ গ্রা...
জিঙ্ক অয়েন্টমেন্ট	২৫ গ্রাম

পদ্ধতি

উল্লিখিত তিনটি অয়েন্টমেণ্ট পাথরের বা শীলের ওপর রেখে ভোঁতা ছুরির সাহায্যে এমনভাবে মেশাতে হবে যাতে তিনটি অয়েন্টমেন্ট একত্রে মিলে মিশে যায়। দাদের মলম তৈরি হয়ে গেল। এবার ছোটো ছোটো টিনের কৌটো বা ডিবেতে প্যাক করুন।

একজিমার মলম তৈরির ফরমুলা

উপকরণ

বী-ওয়াক্স (রং বিহীন)	১০ গ্রাম
লিনোলীন	৮০ গ্রাম
সাদা ভ্যাসলীন (B. P Quality)	৮০ গ্রাম
সালফিউরিক এ্যাসিড	৪ গ্রাম
কর্পূর	৪ গ্রাম
এলাচির তেল	৪০ গ্রাম
কার্বলিক এ্যাসিড	৪ গ্রাম

পদ্ধতি

ভ্যাসলীন, মোম, লিনোলীন একটি স্টীল বা অ্যালুমিনিয়মের ঢাকা পাত্রে আঁচে জলের ভাপে গরম করুন—যাতে উল্লিখিত তিনটি উপাদান একত্রে মিলেমিশে যায়। তারপর অন্যান্য উপাদানগুলো দিয়ে ভালোভাবে নাড়ুন—যাতে সব উপাদানসমূহ একত্রে সমানভাবে মিলে-মিশে যায়। তারপর পাত্রটি আগুনের আঁচ থেকে নিচে নামান। মুখবন্ধ কাঁচের শিশিতে বা ছোটো ছোটো টিনের কৌটোয় বিক্রীর জন্য মলম ভরুন।

হজমী গুলি
বা
সোডা মিণ্ট ট্যাবলেটস্ তৈরির ফরমুলা

উপকরণ

সোডি-বাই-কার্ব (খাওয়ার সোডা)	৫০ গ্রাম
থাইম অয়েল	৩ গ্রাম

পদ্ধতি

উল্লিখিত দুটি উপাদান একত্রে ভালোভাবে মিশিয়ে নিন, ট্যাবা মেকিং মেশিনের সহায়তায় ৫ গ্রেন ওজনের এক একটি বড়ি বা ট্যাবা তৈরি করুন।

এ্যাসপ্রোর ন্যায় বেদনা দুর করার বড়ি তৈরির ফরমুলা

উপকরণ

এ্যাসপিরিন	৪০ গ্রাম
ফিনাসটীন	২০ গ্রাম
কেফীন সাইট্রাস	১০ গ্রাম

পদ্ধতি

উল্লিখিত তিনটি উপাদান পিষে একেবারে মিহি পাউডার তৈরি ক ফেলুন, তারপর এই পাউডার মিশ্রণে Maize অথবা Rice-starch মেশ সাদা ডেক্সট্রিন ডিস্টিল্ড ওয়াটারে গুলে নিয়ে—পাউডার মিশ্রণের সঙ্গে মে এবং টেবলেট মেকিং মেশিনের সাহায্যে ট্যাবলেট তৈরি করুন।

অগ্নিদগ্ধস্থানে বা আগুনে পোড়া ক্ষতস্থানে লাগাবার মলম
[বার্ণলের ন্যায়]

উপকরণ

লীনসীড অয়েল (ফিল্টার্ড)	৫০০ গ্রাম
চূণ-জল	৫০০ গ্রাম
খয়ের মিহি করে পেষা	৫০ গ্রাম
হলুদ চূর্ণ বা হলুদ ভ্যাসলীন	২০ গ্রাম

পদ্ধতি

প্রথমে ২৫ গ্রাম চুন একটি পাত্রে ৫০০ গ্রাম জলে ভিজিয়ে রাখুন। ঘণ্টা ওভাবে ভিজিয়ে রাখলে—চূণজল হয়ে যাবে, চুনের তলানি নিচে ম যাবে। পরিষ্কার চুনজল একটি পৃথক পাত্রে রাখুন এবং এভাবে ৫০০ গ্রাম জল তৈরি করে নিন। পেষা খয়ের লীনসীড তেলে মিশিয়ে ভালোভাবে ড়ুন। ভালোভাবে মিশে গেলে—এতে চুনজল ঢেলে দিন, তারপর ভালো বে ফেটাতে থাকুন। ফেটাতে ফেটাতে মলমের মতো থকথকে হয়ে যাবে। ার টিউব ফিলিং মেশিনের দ্বারা বিক্রীর জন্য প্রয়োজনীয় কোলাপসিবেল উবে ভরে ফেলুন।

বেশি পরিমাণে তৈরি করতে হ'লে অবশ্যই টিউব ফিলিং মেশিন ব্যবহার রতে হবে।

হেয়ার ডাই এর ফরমূলা
[সাদা চুল কালো করার জন্য]

উপকরণ

সোডিয়াম সালফাইড	৫ গ্রাম
আইসোপ্রোপিল অ্যালকোহল	৫০০ গ্রাম
মেন্থাল	১০ গ্রাম

এমিডোফিনাল	৩ গ্রাম
মনো সোডিয়াম সালফাইট	৫ গ্রাম

পদ্ধতি

সোডিয়াম সালফাইড প্রথমে আইসো প্রোপিল অ্যালকোহলে dissol করে নিন। তারপর সব কিছু একত্রে ঢেলে অনবরত নাড়তে থাকুন—যা সব উপাদানসমূহ একত্রে মিলে-মিশে যায়। সাদা চুল কালো করার জ ডাই তৈরি হয়ে গেল। এবার কাঁচের শিশিতে ডাই ভরুন এবং বিক্রীর জ প্যাক করুন

ব্যবহার বিধি: হেয়ার ডাই চুলে লাগাবার আগে শ্যাম্পু করে ফেলু অল্প একটু ডাই চীনেমাটির ডিশে বা বাটিতে ঢালুন এবং ডাই-এর স হাইড্রোজেন পারঅক্সাইড সামান্য পরিমাণ মিলিয়ে নিন। এবার হে ব্রাশের সাহায্যে সাদা চুলে ভালোভাবে ধীরে ধীরে লাগান যাতে স চুলগুলোর সমস্ত অংশ কালো হয়।

ফ্রুট সল্ট তৈরির ফরমুলা

[জোলাপের জন্য]

ম্যাগনেশিয়াম সালফেট	২৫ গ্রাম
সাইট্রিক এ্যাসিড	১০ গ্রাম
টার্টারিক এ্যাসিড	২৫ গ্রাম

পদ্ধতি

উল্লিখিত চারটি উপাদান পাউডারের মতো মিহি করে পিষে ি তারপর জলীয় অংশ (moisture) তাপে উড়িয়ে দিন। সামান্য র

সেই ভাপ উঠবে। পাত্রটি নিচে নামান। দানা দানা ভাব যুক্ত উভারের ন্যায় পরিলক্ষিত হবে। এবার বিক্রীর জন্য প্রয়োজনীয় আকারের বোতল বা শিশিতে প্যাক করুন।

গলায় লাগাবার থ্রোট পেণ্ট তৈরির ফরমূলা

উপকরণ

গ্লিসারিন (B P. Quality)	১০ গ্রাম
টিংচার স্টীল	২ গ্রাম

পদ্ধতি

দুটি উপাদান একটি কাঁচের বোতলে রেখে ভালোভাবে নাড়ান এবং মিশিয়ে নিন। বিক্রীর জন্য পয়োজনীয় আকারের কাঁচের শিশিতে প্যাক করুন। কর্ক ও লেবেল লাগান।

চুলকানির মলম তৈরির ফরমুলা

উপকরণ

হলদে ভ্যাসলীন (B.P. quality)	২৫০ গ্রাম
সলাইন্ড সালফার	৩০ গ্রাম
বেঞ্জিয়ল ডেহাইড	৫ গ্রাম
পটাশিয়াম বাইকার্বোনেট	১০ গ্রাম
জিঙ্ক অক্সাইড	১৫ গ্রাম

পদ্ধতি

স্টীল বা অ্যালুমিনিয়মের তৈরি কড়াতে অল্প আঁচে ভ্যাসলীন গলিয়ে নিন, তারপর কড়াটা নিচে নামান। এবার অন্যান্য উপাদান ভ্যাসলিনের সঙ্গে মিশিয়ে স্টীলের ডাণ্ডা দিয়ে নাড়তে থাকুন। মিশ্রণটি ঠাণ্ডা হয়ে এলে কাঁচের তৈরি শিশি বা ডিবেতে প্যাক করুন, ঢাকনা বন্ধ করুন, লেবেল লাগান।

ঘামাচি দূর করার পাউডার তৈরির ফরমূলা

উপকরণ

জিঙ্ক অক্সাইড	৫ গ্রাম
ট্যালকাম পাউডার	১০০ গ্রাম
কর্পূর	২ গ্রাম

পদ্ধতি

উল্লিখিত তিনটি উপাদান একত্রে ভালোভাবে মিশিয়ে নিন, তার সূক্ষ্ম চালুনি দিয়ে ছেঁকে নিন। আবার ভালোভাবে মিলিয়ে মিশিয়ে নি তারপর প্যাক করার বন্দোবস্ত করুন।

ফোঁড়া ও ফুস্কুড়ি নিবারণের মলম তৈরির ফরমূলা

উপকরণ

সাদা ভ্যাসলীন	২০০ গ্রাম
প্যারাফীন মোম	৫০ গ্রাম
কোলোফীনি মোম	৫০ গ্রাম
এলাচির তেল	৩০ গ্রাম
ক্যাম্ফর অয়েল	১০ গ্রাম

পদ্ধতি

একটি স্টীলের বা অ্যালুমিনিয়মের তৈরি কড়াতে সাদা ভ্যাসলীন, প্যারা ও কোলোফীনি মোম অল্প আঁচে গালিয়ে নিন। একটু নাড়ুন—যাতে বি উপাদান একত্রে মিলে মিশে যায়। কড়াটি এবার নিচে নামিয়ে এলাচির এবং ক্যাম্ফর অয়েল ঢেলে দিন—অনবরত নাড়তে থাকুন। থকথকে ম মতো হয়ে এলে বিক্রীর জন্য প্রয়োজন অনুসারে কাঁচের তৈরি ছোটো ে ডিবে বা কৌটোতে প্যাক করুন।

পেন বামের মলম তৈরির ফরমূলা

উপকরণ

ভ্যাসলীন (B.P. Quality)	১০০ গ্রাম
লিনোলীন	৩০ গ্রাম
প্যারাফীন মোম	৩০ গ্রাম
মেন্থল	২ গ্রাম
উয়িন্টার গ্রীণ অয়েল	৫ গ্রাম
থাইমল	১ গ্রাম
কাজুপুট অয়েল	৫ গ্রাম
এলাচির তেল	৫ গ্রাম

পদ্ধতি

একটি মুখবন্ধ শিশিতে থাইমল আর মেন্থল একত্রে রেখে ভালোভাবে নাড়ুন। রোদে রাখুন। কিছুক্ষণ পরে দেখবেন গলে গিয়ে তেলের মতো হয়ে গেছে। তেলের মতো হয়ে এলে এই মিশ্রণের সঙ্গে, কাজুপুট অয়েল, এলাচির তেল ও উয়িন্টারগ্রীণ অয়েল মেশান এবং বোতলটি ভালোভাবে নাড়ুন।

অপর একটি স্টিলের বা অ্যালুমিনিয়মের তৈরি কড়াতে প্যারাফীন মোম, লেনোলিন এবং ভ্যাসলিন অল্প আঁচে গরম করে নিন—তিনটি উপাদান যখন একত্রে ভালোভাবে মিশে যাবে—তখন কড়াটি আগুনের আঁচ থেকে নীচে নামান। তারপর প্যারাফিন মিশ্রণের সঙ্গে বোতল বা শিশির মিশ্রণটি মেশান। স্টিলের হাতল বা ডাণ্ডা দিয়ে ভালভাবে নাড়ুন। মিশ্রণটি গাঢ় হয়ে এলে চওড়া মুখওয়ালা কাচের তৈরি ছোটো শিশি বা ডিবেতে বিক্রীর জন্য ভরুন।

স্মেলিং সল্ট তৈরির ফরমুলা

উপকরণ

এ্যাসিটিক এ্যাসিড	৮০ গ্রাম
কর্পূর	৭৫ গ্রাম
বার্গমট অয়েল	১৫ গ্রাম
ল্যাভেণ্ডার অয়েল	২৫ গ্রাম
কোচিন বা পাউডার	১০ গ্রাম

পদ্ধতি

উল্লিখিত উপাদানাদি একত্রে ভালোভাবে মিশিয়ে নিন। স্মেলিং সং
দ্রব মিশ্রণ তৈরি হয়ে যাবে।

প্যাকিংয়ের বিধি: একটি পরিষ্কার প্লাস্টিকের তৈরি শিশিতে এ
টুকরো এবেটস ফেলে দিন—ঐ টুকরোটাকে স্মেলিং সল্ট দিয়ে ভালোভা
মাখিয়ে দিন—তারপর airtight ঢাকনা জুড়ে দিন।

সপ্তদশ অধ্যায়

আয়ুর্বেদীয় সাধারণ ঔষধাদি তৈরির ফরমুলা

বাসক সিরাপ (Cough Syrup)

উপকরণ

বাসক	২০ ভাগ
কিসমিস	২০ ভাগ
হরীতকী	২০ ভাগ
চিনি	১০ ভাগ
মধু	৩০ ভাগ
জল	১০০ ভাগ
	২০০ ভাগ

পদ্ধতি

প্রথম বাসক, কিসমিস ও হরীতকীর কাথ প্রস্তুত করে নিন গরম জলে দগ্ধ করে—আধঘণ্টা পরে ছেঁকে নিন। চিনি ও মধু মেশান—ভালভাবে নাড়ুন।

বিক্রীর জন্য প্রয়োজনীয় আকারের কাঁচের শিশিতে প্যাক করুন। এই দাওয়াটি কাস, শ্বাস ও রক্তপিত্ত রোগের পক্ষে বিশেষ উপকারী।

ত্রিফলাদি চূর্ণ তৈরির ফরমুলা

উপকরণ

হরীতকী	২৫ ভাগ
আমলকী	২৫ ভাগ
বহেড়া	২৫ ভাগ
পিপুল	২৫ ভাগ

পদ্ধতি

উল্লিখিত উপাদানসমূহ রোদে শুকিয়ে নিয়ে মিহি করে পাউডারের মতো করুন। তারপর একত্রে ভালোভাবে মিশিয়ে দিন। ছোটো ছোটো পলিথিনের তৈরি প্যাকেটে বা চওড়া মুখওয়ালা কাঁচের ডিবেতে ভরে ফেলুন। ওপরে লেবেল লাগান।

লেবেলে বা প্যাকিংয়ের নিম্নলিখিত ব্যবহারের বিধি উল্লেখ করুন।

সেবন বিধি ঃ এই চূর্ণ মধুর সঙ্গে আগে ভালোভাবে মিশিয়ে নিন, তারপর লেহন করুন। এর দ্বারা কাস, শ্বাস ও পীনস রোগের উপশম ঘটবে।

শুষ্ক কাস নিরাময়ের সিরাপ

উপকরণ

কণ্টকারী	১০ ভাগ
বৃহতী	১০ ভাগ
দ্রাক্ষ	১০ ভাগ
বাসক পাতা	২০ ভাগ
শঠী	৫ ভাগ
শুষ্ঠী	৫ ভাগ
পিপুল	৫ ভাগ
বেনার মূল	৫ ভাগ
চিনি	১০ ভাগ
মধু	২০ ভাগ
ডিস্টিল্ড ওয়াটার	প্রয়োজন মত

পদ্ধতি

প্রথমে প্রয়োজনমতো জলের সাহায্যে কণ্টকারী, বৃহতী, দ্রাক্ষা, বাস পাতা, শঠী, শুষ্ঠী, পিপুল, বেণার মূল প্রভৃতির আরক তৈরি করুন। আ

ঠিকমতো প্রস্তুত হ'লে কড়াটি আঁচ থেকে নামান, আরক ছেঁকে নিন। এবার ছেঁকে নেওয়া আরকের সঙ্গে চিনি ও মধু মেশান। বিক্রীর জন্যে প্রয়োজনীয় আকারের কাঁচের শিশিতে ভরুন। ছিপি আটুন, লেবেল লাগান

হিক্কা ও শ্বাস রোগের ঔষধের ফরমূলা

উপকরণ

বামনহাটীর মূল	৫০ ভাগ
শঠী	৫০ ভাগ

পদ্ধতি

প্রথমে উল্লিখিত দুটি উপাদান উত্তমরূপে রোদে শুকিয়ে নিতে হবে। তারপর কড়াতে বিনা তেলে—ভাজা ভাজা করে নিয়ে—গুঁড়ো তৈরি করতে হবে। ভালভাবে গুঁড়ো করে ছেঁকে নিন। সামান্য পরিমাণে ক্রুড পারফিউম মেশান। তারপর পলিথিনের প্যাকেটে বা প্লাস্টিকের চওড়া মুখওয়ালা ছোটো কৌটো ডিবেতে ভরুন।

লেবেলের সঙ্গে নিম্নলিখিত সেবনবিধি থাকা বাধ্যতামূলক।

সেবনবিধি : প্রাতে ও সন্ধ্যায় এই চূর্ণ ব্যবহার করতে হয়।

স্বরভঙ্গ ও স্বরভেদ রোগের ঔষধের ফরমুলা

১নং ফরমূলা : উপকরণ

কচি কুলের পাতা	৫০ গ্রাম
সৈন্ধব লবণ	৫ গ্রাম
গব্য ঘৃত	২৫ গ্রাম

পদ্ধতি

কচি কুলের পাতাগুলো প্রথমে ভালো করে ধুয়ে নিন। তারপর সৈন্ধব লবণ সহ ঐ কচি কুলের পাতাগুলো শিল নোড়ায় মিহি করে বেটে নিন।

তারপর ঐ বাটা ঘিয়ে ভেজে নিন। উনোন থেকে নামান এবং প্যাক করুন। এই ঔষধটি নিয়মিত সেবনে স্বরভেদ ও কাসরোগের উপশম ঘটে।

২নং ফরমুলা : উপকরণ

গোল মরিচ	২০ ভাগ
পিপুল মূল	১০ ভাগ
পিপুল	২০ ভাগ
শুণ্ঠী	২০ ভাগ
গোমূত্র	২০ ভাগ
সুগন্ধ মিশ্রণ	২ ভাগ

পদ্ধতি

গোমূত্র ও পারফিউম বাদে অপরাপর উপাদানসমূহ ভালোভাবে এবং মিহি করে গুঁড়ো একত্রে মেশান। তারপর গোমূত্র মেশান। ছায়ায় শুকিয়ে নিন। বড়ি বা চূর্ণ তৈরি করতে পারেন। সব শেষে প্যাক করুন। চূর্ণ বা বড়ি সেবনে স্বরভঙ্গ রোগের উপশম হয়।

বিড়ঙ্গাদি চূর্ণ তৈরির ফরমুলা

উপকরণ

বিড়ঙ্গ	২০ ভাগ
হরীতকী	২০ ভাগ
আমলকী	২০ ভাগ
বহেড়া	২০ ভাগ
শুণ্ঠী	২০ ভাগ

পদ্ধতি

উল্লিখিত উপাদানাদি মিহি পাউডারের ন্যায় চূর্ণ করুন। একত্রে ভালো মেশান। তারপর প্যাক করুন। প্যাকিংয়ের গায়ে নিম্নলিখিত সেবন উল্লেখ করা প্রয়োজন।

সেবনবিধি: মধুসহ লেহন করতে হবে। দ্রাক্ষাদি চূর্ণ সেবনে বমি প্রতিহত হয়ে থাকে।

দশমুলাদি মোদক তৈরির ফরমুলা

উপকরণ

দশমূল	১০ ভাগ
গুলঞ্চ	১০ ভাগ
ভেরেণ্ডার মূল	১০ ভাগ
রাস্না	১০ ভাগ
দেবদারু	১০ ভাগ
শুন্ঠি	১০ ভাগ
আখের গুড়	১৪০ ভাগ

পদ্ধতি

আখের গুড় বাদে উল্লিখিত দ্রব্যাদি পাউডারের মতো মিহি করে গুঁড়োন। একত্রে ভালোভাবে মেশান। তারপর আখের গুড় সহ মেখে ছোটো ছোটো গুলি তৈরি করুন। বিক্রীর জন্য কাঁচের বড়ো মুখওয়ালা ছোটো ছোটো ডিবে বা শিশিতে প্যাক করুন।

এই মোদক সেবনে তৃষ্ণা ও অরুচি দুরীভূত হয়ে থাকে।

কৃষ্ণাদিক্কাথ তৈরির ফরমুলা

উপকরণ

পিপুল	১০ ভাগ
আমলকী	১০ ভাগ
চিনি	১০ ভাগ
শুণ্ঠী	১০ ভাগ
গোলমরিচ	১০ ভাগ
সৈন্ধব	১০ ভাগ
জল	প্রয়োজনমতো

পদ্ধতি

উল্লিখিত দ্রব্যাদি দ্বারা ক্বাথ প্রস্তুত করুন এবং কাচের শিশিতে বিক্রি জন্য প্যাক করুন। শিশির গায়ে লেবেলে নিম্নলিখিত সেবনবিধি উল্লেখ ক প্রয়োজন।

সেবনবিধি: এরণ্ড তেল প্রক্ষেপে এই ক্বাথ পান করলে শুরু ধরনের আমবাত নিবারিত হয়ে থাকে।

বিঃ দ্রঃ অল্প আঁচে এই ক্বাথটি তৈরি করতে হবে।

ধান্যকাদিক্কাথ তৈরির ফরমুলা

উপকরণ

ধনে	১০ ভাগ
নিমছাল	১০ ভাগ
মুথা	১০ ভাগ
পলতা	১০ ভাগ
শুলফ	১০ ভাগ

ত্রিফলা	১০ ভাগ
মধু	৪০ ভাগ
জল	প্রয়োজনমতো

পদ্ধতি

মধু বাদে অন্যান্য উপাদানাদি প্রয়োজনীয় জলের সাহায্যে ক্বাথ
ত করুন। ক্বাথ প্রস্তুত হবার পর পাত্রটি নিচে নামান, ঠাণ্ডা হয়ে এলে মধু
ান। তারপর শিশি বা বোতলে প্যাক করুন। এই ক্বাথ নিয়মিত
েন জ্বর ও বায়ুরোগ নিবারিত হয় এবং ক্ষুধা বৃদ্ধি হয়ে থাকে।

বৎসকাদি পাচন তৈরির ফরমুলা

উপকরণ

ত্রুষং	১০ ভাগ
াতইচ	১০ ভাগ
ঠী	১০ ভাগ
াপুলমুল	১০ ভাগ
াল	প্রয়োজনমতো

পদ্ধতি

য়োজনমতো জল সহ উল্লিখিত দ্রব্যাদির পাচন তৈরি করতে
পাচন পরিষ্কার কাপড়ে ছেঁকে নিয়ে কাঁচের বোতলে ভর্তি করতে
এই পাচন সেবনে শূল বেদনার ন্যায় বেদনা এবং রক্ত আমাশা
ক্ত হয়ে থাকে

মরিচাদি চূর্ণ তৈরির ফরমুলা

উপকরণ

ল মরিচ	১ ভাগ
।	২ ভাগ
চি ছাল	৫ ভাগ

পদ্ধতি

উল্লিখিত দ্রব্যাদি পাউডারের মতো গুঁড়ো করে একত্রে মেশান। এম ভাবে মেশান যাতে সব উপাদানগুলো একত্রে মিশে যায়। এবার বিক্রীর জন্য ছোটো ছোটো পলিথিনের প্যাকেটে ভরুন। লেবেলে নিম্নলিখিত সেবনবিধি উল্লেখ করুন।

সেবনবিধি ঃ এই চূর্ণ ইক্ষু গুড় সহ সকালে ও সন্ধ্যায় সেব্য। এই সেবনে গ্রহণী রোগ নিবারিত হয়।

ফলত্রিকাদিক্কাথ তৈরির ফরমুলা

উপকরণ

হরীতকী	১০ ভাগ
আমলকী	১০ ভাগ
বহেড়া	১০ ভাগ
বাকস	১০ ভাগ
কটকী	১০ ভাগ
চিরতা	১০ ভাগ
নিমছাল	১০ ভাগ
জল	প্রয়োজন

পদ্ধতি

প্রয়োজন মতো জলে এবং অল্প আঁচে উল্লিখিত দ্রব্যাদির কাথ করতে হবে। ক্কাথ প্রস্তুত হবার পর এবং ঠাণ্ডা হবার পর কাঁচের বো ভরুন। এবং নিম্নলিখিত সেবন বিধি লেবেলে উল্লেখ করুন।

সেবন বিধি : এই ক্কাথ মধু সহ সকালে ও সন্ধ্যায় সেবন পাণ্ডুরোগ ও কামলা রোগ (জণ্ডিস) নিবারিত হয়ে থাকে।

তিলের সিরাপ

উপকরণ

তিল তেল (রিফাইণ্ড)	৩ কেজি
আখের রস	৫ কেজি
হরীতকী	৫ টি

পদ্ধতি

পাঁচটি হরীতকী আগে ভালোভাবে পিষে নিন। অল্প আঁচে তিলতেলের ঙ্গ মেশান। উনোন থেকে পাত্রটি নামিয়ে আখের রস মেশান এবং কাঁচের শি বা বোতলে ভরুন। এই সিরাপ সেবনে অর্শরোগ নিবারিত হয়ে কে।

অর্শরোগের মলম

উপকরণ

আকন্দের আঠা	১০ ভাগ
মনসা বীজের আঠা	১০ ভাগ
তিক্ত লাউয়ের পাতা	১০ ভাগ
ডহর করঞ্জের ছাল	১০ ভাগ
গোমূত্র	৪০ ভাগ

পদ্ধতি

উল্লিখিত দ্রব্যাদি গোমূত্র সহ পেষন করুন। ভালোভাবে নেড়ে-চেড়ে শান। মলমের মতো থকৃথকে হয়ে এলে—বড়ো মুখওয়ালা ছোটো ছোটো াচের শিশিতে বা ডিবেতে প্যাক করুন। এই মলম অর্শের বলির ওপর লেপ দিলে অর্শ নিবারিত হয়ে থাকে।

নানা রক্তস্রাবে ভেষজ

উপকরণ

দাড়িম ফুলের রস	৫ ভাগ
দুর্বার রস	৫ ভাগ
পেঁয়াজের রস	৫ ভাগ
সরষের তেল	২০ ভাগ

পদ্ধতি

উল্লিত দ্রব্যাদি একত্রে একটি কাঁচের বড়ো বোতলে রাখুন। বারবার নাড়াচাড়া করুন। ২৪ ঘণ্টা পর বিক্রীর জন্য ছোটো ছোটো কাঁচের শিশিতে প্যাক করুন। এই তেল নাকে দিয়ে টানলে নাক দিয়ে রক্ত পড়া বন্ধ হবে।

দাদের মলম তৈরির ফরমুলা

উপকরণ

হলুদ	৫ ভাগ
হরিতাল	৫ ভাগ
দূর্বা	৫ ভাগ
সৈন্ধব লবণ	৫ ভাগ
গোমূত্র	১০ ভাগ

পদ্ধতি

উল্লিখিত দ্রব্যাদি একত্রে পেষণ করুন। ভালোভাবে মেশান। তারপ বড় মুখওয়ালা কাঁচের ছোটো ছোটো কৌটোতে ভরুন। এই মলম দা প্রলেপ প্রদান করলে দাদরোগ ও গন্দোষ নিবারিত হয়।

আয়ুর্বেদোক্ত চুলের কলপের ফরমুলা

উপকরণ

ত্রিফলা	১০ ভাগ
নীলের পাতা	১০ ভাগ
ভৃঙ্গরাজ	১০ ভাগ
লৌহচুর্ণ	১০ ভাগ
মেষমূত্র	৪০ ভাগ

পদ্ধতি

মেষমূত্র সহ উল্লিখিত দ্রব্যাদির সাহায্যে আরক তৈরি করতে হবে। পরে পাকা চুলে প্রলেপ দিতে হবে, এরূপ প্রলেপ দানে পাকা চুলও কালো থাকে।

একশিরা দোষ নাশক অয়েণ্টমেণ্ট

১নং ফরমুলা ঃ উপকরণ

ঘৃত	১০০ গ্রাম
সৈন্ধব লবণ	২৫ গ্রাম

পদ্ধতি

ঘিয়ের সঙ্গে সৈন্ধবলবণ ভালোভাবে মিশিয়ে নিন। তারপর এই মিশ্রণটি শঙ্খের খোলে পুরুন, এবং ৭ দিন রোদে রাখুন অর্থাৎ রৌদ্রপক্ক ৭ দিন পর ছোটো ছোটো টিনের কৌটোয় প্যাক করুন। এই অয়েণ্টমেণ্ট নিয়মিত অণ্ডকোষে মাখালে বহুকালের কুবণ্ড প্রশমিত হয়ে

অষ্টাদশ অধ্যায়

চোখের জন্য উপকারী কাজল তৈরির ফরমূলা

উপকরণ

সাদা ভ্যাসলীন (B. P. quality)	৫০ গ্রা
ল্যাম্প ব্ল্যাক	৩৫ গ্রা
ভীমসেনী কর্পূর	১ গ্রা
রসৌত	২ গ্রা
গোলাপ জল	৫ গ্রা

পদ্ধতি

গোলাপ জলে রসৌত সারারাত ভিজিয়ে রাখুন, যাতে ভালভাবে মিশে যায়। তারপর পরিস্কার কাপড় দিয়ে ছেকে নিন। একটা অ পাত্রে এ রসৌত ও গোলাপ জল মিশ্রণটি রেখে দিন।

ষ্টীলের বা অ্যালুমিনিয়মের কড়াতে ভ্যাসলীন অল্প আঁচে গরম করুন, ভ্যাসলিন কিছুটা গলে যাবে—তখন ঐ ভ্যাসলিনের সঙ্গে ল্যাম্প ব্লাক্ ও মেশান এবং ভালোভাবে নাড়া চাড়া করুন। সব কিছু ভালোভা যাওয়ার পর কড়াটি আগুনের আঁচ থেকে নীচে নামান এবং ও গোলাপ জল মিশ্রণটি ভ্যাসলিনের মিশ্রণের সঙ্গে একত্রে মিলিয়ে ষ্টীলের ডাণ্ডা দিয়ে ভালো ভাবে নাড়ুন। যখন মিশ্রণটি গাঢ় হয়ে ও তখন বিক্রির জন্য ছোটো ছোটো আকারের প্ল্যাষ্টিকের ডিবেতে ভরুন

বিঃ দ্রঃ—সরষের প্রদীপ থেকে যে কাজল তৈরি হয়, তাই হলো ল্যাম্প ব্ল্যাক। সরষের তেলের বড়ো প্রদীপ জেলে কোনো প্লেট প্র ধূয়ো জমিয়ে কাজল তৈরি করিতে হবে। কাজল যদি উত্তম কো বানাতে চান তবে ঘিয়ের প্রদীপ ও জ্বালাতে পারেন।

আই ব্রো পেন্সিল তৈরির ফরমুলা

উপকরণ

লেনোলীন এনহাইড্রস	১০ গ্রাম
বী-ওয়াক্স (Bleached)	৩০ গ্রাম
প্যারাফীন মোম	২৫ গ্রাম
সিটিয়ল অ্যালকোহল	১০ গ্রাম
মিনারেল অয়েল	২০ গ্রাম
ল্যাম্প ব্ল্যাক রং	২ গ্রাম

...তি

...ল বা অ্যালুমিনিয়মের একটি কড়াতে লেনোলীন, মৌচাকের মোম, ...ফীন মোম, সিটিয়ল অ্যালকোহল দিয়ে অল্প আঁচে বসান—যাতে সব ...ানগুলো গলে গিয়ে একত্রে মিলে—মিশে যেতে পারে। সব কিছু ভালো ...মিলে-মিশে গেলে—কড়াটি আগুনের আঁচ থেকে নামান। একটু ঠাণ্ডা ...দিন। এবার মিশ্রণটি আই ব্রো পেন্সিলের ছাঁচে ফেলুন। তারপর ...খুলে আই ব্রো পেন্সিলটি তুলে নিন।

বিঃ দ্রঃ ফরমূলা—ল্যাম্প ব্ল্যাক রংয়ের পরিবর্তে 'বার্ণ্ট সিয়ানা' (Burnt ...ua) ব্যবহার করা যেতে পারে।

অন্য রংয়ের আই ব্রো পেন্সিলের ফরমুলা

উপকরণ

মৌচাকের মোম (রং বিহীন)	৬০ গ্রাম
...িয়ারিক এ্যাসিড	৪০ গ্রাম

ট্রাই ইথানোলামাইন ১০ গ্রা

বনিট্ অ্যাম্বার ১০ গ্রা

লেনোলীন এনহাইড্রস ৫ গ্রা

পদ্ধতি

একটী ষ্টীলের বা অ্যালুমিনিয়মের কড়াতে মোম, ষ্টীয়ারিক এ লেনোলীন অল্প আঁচে বসিয়ে দিন। যাতে সব কটি উপাদান গলে গিয়ে মিশে যায়। তিনটি উপাদান মিলে—মিশে যাওয়ার পর বার্ণট অ মিশিয়ে দিন। ভালো ভাবে নাড়ুন। সব শেষে ট্রাই ইথানোলা মেশান। ভালোভাবে নাড়ুন। তারপর কড়াটি আ গুনের আঁচ থেকে নামান। একটু ঠাণ্ডা হ'য়ে এলে আই ব্রো পেন্সিলের ছাঁচে ঢালুন। ঠাণ্ডা হয়ে এলে—আই ব্রো পেন্সিল ছাঁচ থেকে বাইরে বের ক'রে নিন।

বিংশতি অধ্যায়

মোটরাদিতে ব্যবহারের জন্য গ্রীজ (grease) তৈরির ফরমূলা

১নং ফরমূলা ঃ উপকরণ

বিরজা	১০০ গ্রাম
প্যারাফীন মোম	১০০ গ্রাম
হলুদ ভ্যাসলীন	২০০ গ্রাম
মিনারেল অয়েল	২০০ গ্রাম
ক্যাষ্টর অয়েল	২০০ গ্রাম

পদ্ধতি

প্রথম তিনটি উপাদান একটি ষ্টীলের বা অ্যালুমিনিয়মের কড়াতে প্রথমে অল্প আঁচে dissolve ক'রে নিন, তারপর dissolve হয়ে যাওয়ার পর মিনারেল অয়েল ও ক্যাষ্টর অয়েল দিন। তারপর কড়াটি নীচে নামিয়ে ষ্টীলের ডাণ্ডা বা হাতা দিয়ে অনবরত নাড়তে থাকুন। থক্ থকে হয়ে এলে ভাববেন গ্রীজ তৈরি হয়ে গেল। এবার বিক্রির জন্য প্রয়োজনীয় আকারের টিনের কৌটেতে প্যা ক করুন।

২নং ফরমূলা ঃ উপকরণ

মোবিল অয়েল (হেভী কোয়ালিটি)	১৫০ গ্রাম
ট্যাক্স টেলো	২৫ গ্রাম
বিরজা	২৫ গ্রাম
হলুদ ভ্যাসলীন	১০০ গ্রাম
সোডা কষ্টিক নাই (380 Be')	২৫ গ্রাম

পদ্ধতি

একটি ষ্টীলের বা অ্যালুমিনিয়মের কড়াতে বিরজা ক্যাষ্টর অয়েল ও টে টালো অল্প আঁচে বসান—ভালোভাবে নাড়ুন। তিনটি উপাদা ভালোভাবে মিলে মিশে গেলে…ঐ মিশ্রণের সঙ্গে সোডা কষ্টিক লাই মিশি দিন। তারপর ভালোভাবে নাড়ুন। তারপর ঐ মিশ্রণের সঙ্গে মোবি অয়েল ও ভ্যাসলীন মিশিয়ে দিন। ভালোভাবে নাড়ুন। যখন সব উপাদা গুলো ভালোভাবে মিলে মিশে যাবে—তখন কড়াটি আগুনের আঁচ থেকে নামান। গাঢ় হলে এবং ঠাণ্ডা হ'য়ে এলে প্রয়োজনীয় আকারের টিনে ডিবেতে ভরে ফেলুন।

মেশিনের তেল তৈরির ফরমুলা

উপকরণ

হোয়াইট অয়েল	১০০ গ্রাম
কিসুলগড় মাটি	১ গ্রাম
অয়েল কালার	১ গ্রাম

পদ্ধতি

উপরোক্ত তিনটি উপাদান একটি কাঁচের বোতলে ভ'রে ভালেভা ঝাঁকুন। তারপর বিক্রির জন্য প্রয়োজনীয় আকারের কাঁচের শিশিতে ভরুন লেবেল ইত্যাদি লাগান।

ঘরে ছড়াবার সুগন্ধ স্প্রে তৈরির ফরমুলা

উপকরণ

আইসোপ্রোপিয়েল অ্যালকোহল	৮০ গ্রাম
লেমন অয়েল	৫ গ্রাম
ল্যাভেণ্ডার অয়েল	১০ গ্রাম
ইউক্যালিপটাস	৫ গ্রাম

পদ্ধতি

উপরোক্ত সকল উপাদান একটি কাঁচের বোতলে ভরে ভালোভাবে ঝাঁকুন। তারপর এই মিশ্রণটি ফ্লিটের ন্যায় স্প্রে পিচকারীতে ভরে—ঘরে স্প্রে করা যায়।

ছারপোকা নাশক লোশান তৈরির ফরমুলা

উপকরণ

কার্বোলিক এ্যাসিড	২৫ গ্রাম
পাইরিথ্রম	১০ গ্রাম
মিনারেল অয়েল	১০০ গ্রাম
ডি. ডি. টি পাউডার	২০ গ্রাম

পদ্ধতি

পূর্বোউল্লিখিত পদ্ধতির অনুরূপ।

মশা মাছি দূর করার স্প্রে মিশ্রণের ফরমুলা

উপকরণ

ডি. ডি. টি পাউডার	১০০ গ্রাম
ইথাইলীন ডাইক্লোরাইড	৯০০ গ্রাম

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

বিঃ দ্রঃ—এই মিশ্রণটি নাকে শুঁকবেন না। খাদ্য দ্রব্যে স্প্রে করবেন না। স্প্রে করার পর হাত মুখ ভালো ভাবে ধুয়ে নিতে হবে।

একবিংশতি অধ্যায়

আইসক্রীম পাউডার তৈরির ফরমূলা

[এই পাউডার আইসক্রীম জমাট বাধায় সহায়ক। হোটেল রেষ্টুরেন্টে এই পাউডার বিক্রি করা যেতে পারে বা নিজেরাও আইসক্রী তৈরি করতে পারেন।

উপকরণ

চিনি (ভাল ভাবে পেষা)	১০০ গ্রাম
পাউডার মিল্ক	১০০ গ্রাম
পটাশিয়াম মেটা-বাই-সালফেট	২ গ্রাম
খাওয়ার সোডা	৪ গ্রাম
বেভিলীন এসেন্স	২ গ্রাম

পদ্ধতি

সব উপাদান সমূহ একত্রে ভালোভাবে মিশিয়ে নিন। তারপর এই মিশ্রি পাউডারকে ২।৩ বার সূক্ষ্ম চালুনিতে ছেঁকে নিন। আবার ভালোভ মেশান। এবার বিক্রির জন্য অ্যালুমিনিয়ামের ডিবেতে প্যাক করুন।

আইসক্রীম তৈরির ফরমুলা

১নং ফরমুলা ঃ উপকরণ

বিশুদ্ধ জল	৪০০ গ্রাম
দুধ	৩০০ গ্রাম
চিনি	৩০০ গ্রাম
বাদাম (পেষা বা কুচি করে কাটা)	২৫ গ্রাম
আইসক্রীম পাউডার	৫ গ্রাম

পদ্ধতি

দুধ আগে জ্বাল দিয়ে নিন। এবার চিনি, বাদাম কুচি ও জল দিয়ে ভালোভাবে নাড়ুন। কিছুটা গাঢ় হয়ে এলে পাত্রটি নীচে নামান একটু ঠাণ্ডা হ'লে—আইসক্রীমের বাক্সের ছাঁচগুলোতে কাগজের কাপে ঢালুন। কাপে না ঢাললে আইসক্রীম ষ্টীকগুলো ওয়াটার পেপারে মুড়ুন।

২নং ফরমুলা ঃ উপকরণ

বিশুদ্ধ জল	১০০০ গ্রাম
দুধ	৫০০ গ্রাম
চিনি	১০০ গ্রাম
স্যাকারীন	১০ গ্রাম

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ

বিঃ দ্রঃ—(১) ভালো কোয়ালিটির আইসক্রীম তৈরি করতে হ'লে—জলের মাত্রা কমিয়ে দুধের মাত্রা বাড়াতে হবে। দুধ একবার না ফুটিয়ে অন্ততঃ তিনবার ফুটিয়ে একটু ঘন করে নিতে হবে।

(২) আইসক্রীমে বিশেষ কোনো ফলের সুগন্ধ মেশান যেতে পারে।

অরেঞ্জ স্কোয়াশ তৈরির ফরমুলা

উপকরণ

কমলা লেবুর রস	১ কেজি
চিনি	১.২৫ কেজি
সরবতের কমলা রং	২ গ্রাম

পটাশিয়াম মেটা-বাই-সালফেট	৫ গ্রাম
বিশুদ্ধ জল	১ কি.লি.
সাইট্রিক এ্যাসিড	২ গ্রাম
অরেঞ্জ স্কোয়াশ	৫ সি. সি.

পদ্ধতি

জলকে একবার ফুটিয়ে নিন, সাইট্রিক এ্যাসিড ও চিনি ঐ ফুটন্ত জলে ভাল করে মিশিয়ে নিন। এবার কমলার রস, কমলা রং দিন। সবশেষে পটাশিয়াম মেটা-বাই-সালফেট জলে গুলে নিয়ে মিলিয়ে দিন। ঠাণ্ডা হবার পর অরেঞ্জ স্কোয়াশ এসেন্স প্রয়োগ করুন। একেবারে ঠাণ্ডা হবার পর বিক্রির জন্য কাঁচের বোতলে ভরুন।

পাইন-অ্যাপল স্কোয়াশ তৈরির ফরমুলা

উপকরণ

আনারসের রস	১ কেজি
পাইন অ্যাপল এসেন্স	৫ সি. সি.
চিনি	১.২৫ কেজি
সাইট্রিক এ্যাসিড	৪ গ্রাম
পটাশিয়াম বাই সালফেট	৩ গ্রাম
সরবতের হলুদ রং	২ গ্রাম
জল	১ কেজি

পদ্ধতি

অরেঞ্জ স্কোয়াশ তৈরির পদ্ধতির অনুরূপ।

লেমন স্কোয়াশ তৈরির ফরমুলা

উপকরণ

লেবুর রস	১ কেজি
চিনি	১'২৫ কেজি
সরবতের ফিকে সবুজ রং	২ গ্রাম
পটাশিয়াম মেটা-বাই-সালফেট	৫ গ্রাম
জল	১ কি. লি.
সাইট্রিক এ্যাসিড	২ গ্রাম
লেমন স্কোয়াশ এসেন্স	৫ সি. সি.

পদ্ধতি

অরেঞ্জ স্কোয়াশ তৈরির পদ্ধতির অনুরূপ।

বিঃ দ্রঃ যে কোনো ফলের স্কোয়াশই তৈরি করুন না কেন, খুব বেশি পরিমাণে তৈরি করতে হ'লে ফলের রস বের করার এক্সট্রাক্টার বা মিক্স মাষ্টার মেশিন ব্যবহার ক'রতে পারেন। তাছাড়া কোন টাইপ জুসার মেশিনের দ্বারা ও কমলা লেবু, মৌসম্বী প্রভৃতির রস বের করে নেওয়া যায়। স্কোয়াশ তৈরির আগে ফলের রস ভালোভাবে ছেঁকে নিতে হবে। রস দীর্ঘ দিন সংরক্ষণের জন্য সাইট্রিক এ্যাসিড ব্যবহার করা হয়ে থাকে।

ষ্ট্রবেরী স্কোয়াশ তৈরির ফরমুলা

উপকরণ

ষ্ট্রবেরীর রস	১০০০ গ্রাম
চিনি	১২০০ গ্রাম
জল	১০০০ লি.

সাইট্রিক এ্যাসিড	৩ গ্রাম
ফুড কালার (লাল রংয়ের)	২ গ্রাম
পটাশিয়াম মেটা-বাই-সালফেট	৫ গ্রাম

পদ্ধতি

অরেঞ্জ স্কোয়াশ তৈরির পদ্ধতির অনুরূপ।

আমলকীর মোরব্বা তৈরির ফরমূলা

উপকরণ

ভালো আমলকী	৫০০ গ্রাম
জল (চূন জল তৈরির জন্য)	৫০ লি.
চূণ	১০ গ্রাম
চিনি	৫০০ গ্রাম
জল	২৫০ লি.
এলাচি দানা	১০ গ্রাম

পদ্ধতি

মাটির তৈরি ভাঁড়ে বা পাথরের বড়ো বাটিতে ১০ গ্রাম চূন (খাওয়ার চূণ) ৫০০ গ্রাম জলে গুলে রাখুন। ২৪ ঘণ্টা ঐ ভাবে রেখে দিন। অপর চূণ জলের ওপর কার জল সতর্ক ভাবে ছেঁকে নিন। নীচে পড়ে থাকা তলানি (চুণের) যেন চূণ-জলে (lime water) না মিশে যায়—এ বিষয়ে লক্ষ্য রাখা দরকার। ছেঁকে নেওয়া চূণ জল অন্য আর একটি পাত্রে রাখুন। ঐ ছেঁকে নেওয়া চূণ জলে বাছাই করা আমলকীগুলো রাখুন। ২৪ ঘণ্টা আমলকীগুলো চূণ জলে রাখুন। ২৪ ঘণ্টা পরে আমলকীগুলো চূণ জল থেকে তুলে নিন—এবং পরিস্কার জলের দ্বারা ভালো ভাবে ধুয়ে নিন যাতে চূণ

চুনের বা চুনের কোনো অংশ আমলকীতে না লেগে থাকে। ধোওয়া আমলকীগুলো স্টীলের কড়াতে রাখুন এবং দু'তিন বার আমলকীগুলো ফুটিয়ে ন যাতে নরম হয়ে আসে। পাত্রটি নামান। এবার আমলকীর বীচিগুলো র করে নিন তারপর পরিষ্কার মোটা কাপড়ের ওপর বীচি ছাড়ানো মলকীগুলো রাখুন, যাতে মোটা কাপড়ে জল শুষে নিতে পারে। তারপর লের পাত্রে রেখে আমলকীগুলোকে ভালো স্টীলের সরু কাঠি দিয়ে টা ফুটো করে দিন।

এবার অন্য আর একটি পাত্রের জলে চিনি গুলে নিন। অল্প আঁচে চিনির রাপ তৈরি করে নিন। চিনির সিরাপ তৈরি হ'লে আমলকীগুলো চিনির রাপে ফেলে দিন। মাঝে মাঝে নেড়ে চেড়ে দিন। তারপর পাত্রটি নিচে মান। এবার এলাচির দানা দিন। ভালোভাবে নাড়ুন। ঠাণ্ডা হয়ে বিক্রির জন্য প্রয়োজনীয় আকারের ডিবেতে ভরুন।

আপেলের মোরব্বা তৈরির ফরমূলা

উপকরণ

আপেল (খোসা ছাড়ানো)	৫০০ গ্রাম
চিনি	৫০০ গ্রাম
জল	২০০ লি.
সাইট্রীক এ্যাসিড	৩ গ্রাম

পদ্ধতি

খোসা ছাড়ানো আপেলগুলো কুচি কুচি করে কেটে আগে সেদ্ধ করে ন। তারপর নিচে নামিয়ে রাখুন। স্টীলের সরু কাঠি দিয়ে ফুটো ফুটো র নিন, যাতে চিনির সিরা ভেতরে ঢোকে। এবার কড়াতে জল আর চিনি য় চিনির সিরা তৈরী করুন। সিরাতে আপেলের কুচিগুলো ফেলে দিন।

কয়েকবার নেড়ে নিন। তারপব নীচে নামান। এবার সাইট্রিক এ্যা
মিশিয়ে ভালোভাবে নেড়ে দিন। ঠাণ্ডা হ'য়ে গেলে বিক্রিব জন্য ডিবে
প্যাক করুন।

আমের মোরব্বা তৈরির ফরমূলা

উপকরণ

খোসা ও আঁটি ছাড়ানো আম	৫০০ গ্রাম
চিনি	৫০০ গ্রাম
জল	২৫০ লি
সাইট্রিক এ্যাসিড	৩ গ্রা

পদ্ধতি

আপেলেব মোবব্বা তৈরির পদ্ধতিব অনুরূপ।

আনারসের মোরব্বা তৈরির ফরমূলা

উপকরণ

খোসা ও চোখ ছাড়ানো ফালি করে কাটা আনাবস	৫০০ গ্রা
চিনি	৫০০ গ্রাম
জল	২৫০ গ্রাম
সাইট্রিক এ্যাসিড	৩ গ্রাম

পদ্ধতি

আপেলের মোবব্বা তৈরির পদ্ধতিব অনুরূপ। Airtight এবং seale
টিনের কৌটোয় প্যাক কবা যেতে পারে।

পেস্তা বাদামের সরবত তৈরির ফরমুলা

উপকরণ

পেস্তা বাদাম (খোসা ছাড়ানো এবং পেষা)	২০০ গ্রাম
জল	৫০০ গ্রাম
চিনি	৭৫০ গ্রাম
পটাশিয়াম মেটা বাইসালফেট	৩ গ্রাম

পদ্ধতি

খোসা ছাড়ানো পেস্তা বাদাম সারারাত জলে ভিজিয়ে রাখুন—এতে াম নরম হবে। খোসা ছাড়িয়ে নিন এবং বেটে নিন। তারপর পেষাই করা াম জলে ছেড়ে দিন। ভালভাবে নাড়ুন। তারপর স্টীল কড়াতে উনানে ান। খুব বেশি তাপ যেন না হয়। যদি ওপরে ময়লা দেখা যায়, হাতা য় তুলে ফেলে দিন। চিনি মেশান। ভালভাবে চিনি মিশ্রিত হয়ে গেলে াটি নীচে নামান। ঠাণ্ডা হতে দিন। ঠাণ্ডা হওয়ার পর পটাশিয়াম মেটা- সালফেট মিশিয়ে ভালোভাবে নেড়ে চেড়ে দিন। বাদামের সরবত তৈরী গেল। এবার বিক্রির জন্য প্রয়োজনীয় আকারের বোতলে ভরুন।

চন্দনের সরবত তৈরির ফরমুলা

উপকরণ

চন্দন চূর্ণ (মিহি পাউডারের ন্যায়)	২০ গ্রাম
জল	৪৮০ লি.
মিশ্রি	২৪০ গ্রাম
পটাশিয়াম মেটা-বাইসালফেট	২ গ্রাম

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

আনারসের সরবত তৈরির ফরমূলা

উপকরণ

আনারসের রস	৫০০ গ্রাম
চিনি	৫০০ গ্রাম
সাইট্রিক এ্যাসিড	১ গ্রাম
সরবতের হলুদ রং	২ গ্রাম
পটাশিয়াম মেটা বাইসালফেট	২ গ্রাম

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

কৃত্রিম গোলাবী সরবত তৈরির ফরমূলা

চিনি	১৫০০ গ্রাম
জল	১৫০০ লি.
সরবতের লাল রং	৫ গ্রাম
সাইট্রিক এ্যাসিড	২০ গ্রাম
রোজ এসেন্স	৫০ সি. সি.

পদ্ধতি

আগে চিনি জলে গুলে নিয়ে চিনির সিরা তৈরী করে নিন। সিরা তৈ হয়ে এলে সাইট্রিক এ্যাসিড দিন এবং লাল রং জলে গুলে নিয়ে মিশিয়ে দি তারপর পাত্রটি নীচে নামান। ঠাণ্ডা হয়ে গেলে রোজ এসেন্স মেশান এ বিক্রির জন্য প্রয়োজনীয় আকারের কাঁচের বোতলে ভর্তি করুন। লে ইত্যাদি লাগান। প্রয়োজন বোধে বেশীদিন সংরক্ষণের জন্য পটাশিয়াম মে বাই-সালফেট ৩ গ্রাম পরিমাণ মেশাতে পারেন।

কেওড়ার কৃত্রিম সরবত তৈরির ফরমূলা

উপকরণ

চিনি	১৫০০ গ্রাম
জল	১৫০০ লি.
াইট্রিক এ্যাসিড	৫ গ্রাম
কওড়া এসেন্স	৫ গ্রাম
টাশিয়াম মেটা বাইসালফেট	৫ গ্রাম
প্রয়োজনবোধে ফুড কালার	৩ গ্রাম

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

খলের কৃত্রিম সরবত তৈরির ফরমূলা

উপকরণ

চিনি	১৫০০ গ্রাম
জল	১০০০ লি.
াইট্রিক এ্যাসিড	৫ সি.সি
লুদ রংয়ের ফুড কালার	৫ গ্রাম
টাশিয়াম মেটা বাইসালফেট	৫ গ্রাম

পদ্ধতি

র্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

পেস্তা বাদামের কৃত্রিম সরবত তৈরির ফরমূলা

উপকরণ

চিনি	১৫০০ গ্রাম
জল	১০০০ লি,
অলমণ্ড এসেন্স (Almond Essence)	৫ সি.সি
বাদামের কুচি (পেষণ এবং খোসা ছাড়ানো)	৫০ সি সি

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

দ্বাবিংশতি অধ্যায়

জেলী পাউডার তৈরির ফরমুলা

উপকরণ

চিনি (মিহি করে পেষা)	৩০০ গ্রাম
জিলেটিন পাউডার (ফুড)	৫০ গ্রাম
টার্টারিক এ্যাসিড	৩ গ্রাম
লেবু এসেন্স	২ গ্রাম
হলদে রং (ফুড কালার)	০'৫ গ্রাম

পদ্ধতি

উপরোক্ত উপাদানসমূহ মিহি পাউডারের মতো একত্র করে নিন। লিথিনের ছোটো ছোটো প্যাকেটে বা কাঁচের তৈরি কৌটোতে বিক্রির জন্য প্যাক করুন।

প্রয়োগবিধি : এই পাউডার সামান্য উষ্ণ জলে গুলে নিয়ে কোনো কাচের তৈরি বা চীনেমাটির বাটিতে রাখুন। দেখবেন জেলি তৈরি হয়ে গেল।

টম্যাটো জেলী তৈরির ফরমুলা

উপকরণ

টম্যাটোর রস	৩০০ গ্রাম
চিনি (মিহি করে পেষা)	২৫০ গ্রাম
জেলি পাউডার	৫০ গ্রাম
জল	প্রয়োজনমতো

পদ্ধতি

টম্যাটোর রস ভালো ভাবে ছেঁকে নিন। একটা কড়াতে প্রয়োজনী জলে চিনির সিরা তৈরি করে নিন। তারপর তাতে টম্যাটোর রস মিশি দিন। অন্যান্য উপাদান মিশিয়ে দিন। দীর্ঘদিন সংরক্ষণের প্রয়োজনে গ্রাম পরিমাণ পটাশিয়াম মেটা বাই-সালফেট মিশিয়ে দিতে পারেন। প্রয়োজ বোধে অতিরিক্ত ২ গ্রাম পরিমাণ লাল রংয়ের ফুড কালার মিশিয়ে দি পারেন। পরিশেষে বিক্রির জন্য কাঁচের তৈরি চওড়া মুখওয়ালা শিশি প্যাক করুন। লেবেল ইত্যাদি লাগান।

পেয়ারার জেলী তৈরীর ফরমূলা

(Guava Jelly)

উপকরণ

পাকা পেয়ারা (খোসা ছাড়ানো)	১০ টি
চিনি (মিহি করে পেষা)	২৫০ গ্রাম
জেলী পাউডার	৫০ গ্রাম
হলুদ রং	০.৫ গ্রাম
ফ্রুট এসেন্স	২ গ্রাম
পটাশিয়াম মেটা বাইসালফেট	৩ গ্রাম

পদ্ধতি

খোসা ছাড়ানো পেয়ারাগুলো প্রথমে অল্প জলে সেদ্ধ করে থকথকে ক নিন। চালুনি দিয়ে ছেঁকে নিন, যাতে বীচি না থাকে। এবার প্রয়ো মতো জলে চিনির সিরা তৈরি করুন। পেয়ারার আঠালো পদার্থ ছেড়ে দি অপরাপর উপাদানসমূহ মেশান। থকথকে জেলী তৈরি হয়ে এলে চও মুখওয়ালা কাঁচের শিশিতে প্যাক করার ব্যবস্থা করুন। লেবেল ইত্যা লাগান।

আমের জেলী তৈরির ফরমুলা

[Mango Jelly]

উপকরণ

আমগোলা বা আমের রস (পাকা-আমের)	১৫০ গ্রাম
(কাঁচা আম হলে কুচি করে কেটে, জলে সেদ্ধ করে থকথকে করে নিতে হবে)	
চিনি (মিহি করে পেষা)	২০০ গ্রাম
[কাচা আম হলে চিনির পরিমাণ হবে ৩০০গ্রাম]	
জেলী পাউডার	৫০ গ্রাম
সবুজ রং (ফুড কালার)	০'৫ গ্রাম
ফ্রুট এসেন্স	২ গ্রাম
পটাশিয়াম মেটা বাইসালফেট	৩ গ্রাম

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

কাষ্টার্ড পাউডার তৈরির ফরমুলা

উপকরণ

[এই পাউডারের সাহায্যে হোটেল বা রেস্তোরায় কাষ্টার্ড পুডিং তৈরি করা হয়ে থাকে।]

ভুট্টার ষ্টার্চ (Maize starch)	৭০ গ্রাম
এরারুট	৮০ গ্রাম
পছন্দমত ফলের এসেন্স	০'৫ সি.সি.

পদ্ধতি

ষ্টার্চ এবং এরারুট আগে একত্র করে ভালো ভাবে মিলিয়ে ও মিশিয়ে নিতে হবে। ভালো ভাবে মেশানো হয়ে গেলে এবার পছন্দমতো এসেন্স মেশান। কাষ্টার্ড পাউডার তৈরি হয়ে গেল।

ব্যবহারবিধি : দুধের সঙ্গে কাষ্টার্ড পাউডার মিশিয়ে জ্বাল দিন। চিনি মেশান। কাষ্টার্ড পাউডার মিশ্রিত দুধ কিছুটা ঘন হয়ে এলে ছাঁচে ঢালুন। ছাঁচে কিছুটা ঘি বা মাখন মাখিয়ে নিতে পারেন। দেখবেন কাষ্টার্ড পুডিং তৈরি হয়ে যাবে।

পূর্বল্লিখিত পদ্ধতির অনুরূপ।

সরবতের পাউডার তৈরির ফরমুলা

চিনি (মিহি করে পেষা)	২১০ গ্রাম
সাইট্রিক এ্যাসিড	১০ গ্রাম
এসেন্স	৫ সি. সি.
ফুড কালার	১ গ্রাম

পদ্ধতি

উপরোক্ত উপাদানগুলো একত্রে মিলিয়ে মিশিয়ে ঢাকনি-ওয়ালা air tight ডিবেতে ভরে ফেলুন।

বিঃ দ্রঃ রং বা এসেন্স নিজ নিজ পছন্দ অনুযায়ী ব্যবহার করতে পারেন

সোডা ওয়াটার ফ্যাক্টরির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি

উপকরণ

আগেকার অধ্যায়ে নানাবিধ সরবত ও এসেন্সের ফরমুলা দেওয়া হয়েছে সোডা ওয়াটার, ম্যাংগো, লেমন, পাইন-অ্যাপল বা কোকা কোলা জাতীয়

ায় তৈরি করতে হলে—একটি ছোটো খাটো ফ্যাক্টরির জন্য নিম্নলিখিত রঞ্জাম প্রয়োজন।

ক। সোডা-ওয়াটার তৈরির মেশিন

খ। কার্বন-ডাই অক্সাইড গ্যাস সিলিণ্ডার

গ। সোডা ওয়াটার বা অন্যবিধ ড্রিঙ্ক প্রভৃতি ভরবার জন্য খালি কাঁচের াতল।

ঘ। কর্ক বা ঢাকনি লাগাবার মেশিন (হস্তচালিত)

ঙ। কর্ক, রং, এসেন্স, ঢাকনি, স্যাকারিন এবং ফলের রস ইত্যাদি াচা মাল।

দ্বিতীয় খণ্ড

প্রথম অধ্যায়

ধূপকাঠি তৈরি

[ভারতে এবং ভারতের বাইরে ধূপকাঠির বা আগরবাতির বিশেষ চাহি রয়েছে।]

এই উদ্যোগের জন্য কোনো প্রকার যন্ত্রের প্রয়োজন হয় না। উদুং হামাম দিস্তা, ডেস্কের ন্যায় চৌকি প্রভৃতি সামান্য সরঞ্জামেই ধূপকাঠি তৈ করা যেতে পারে। ধূপকাঠি বানাতে হলে কাঠি বা stick এর গ মশলা মাখাতে হয়। এই কাঠি ওজনে যতো হাল্কা হবে—ততোই ভালো

অতএব ধূপকাঠি তৈরির জন্য প্রথমেই দরকার হলো—বাঁশের সরু কা অর্থাৎ যাতে ধূপকাঠির মশলা মাখানো হয় বাঁশের তৈরি সরু সরু ক নিজেরা অনায়াসে তৈরি করে নেওয়া যায়--অথবা বাজার থেকে পাইক হারে কিনতে পাওয়া যায়। ধূপকাঠিতে লাগানো মশলার রং সচর দু রকম হয়: (১) কালো (২) চন্দন রং বা খয়েরি।

কালো রংয়ের ধূপকাঠিই অপেক্ষা কৃত সস্তা।

১। কাঠি—নিজেরা করা যায়, আর বাজার থেকে কেনাও যায়। কিলো ওজনের বাণ্ডিলে প্রায় তিন হাজার কাঠি থাকে।

২। **মশলা তৈরির প্রয়োজনীয় উপাদান ঃ**

(ক) ধুপ হয় এরূপ গাছের কাঠ (হিন্দীতে একে মেদা কাঠ বলা অথবা বাজারের কেনা ধুপ।

(খ) চন্দন কাঠের গুঁড়ো (Sandalwood)

(গ) কাঠ কয়লা

(ঘ) অগর কাঠ (Aguru)

লোবান (Benzoin); আসলে একপ্রকার গাছের আঠা।

(চ) কর্পূর

(ছ) খগ (এক প্রকার সুগন্ধিত ঘাস)

(জ) গোলাপ ফুল

(ঝ) জায়ফল

(ঞ) বাবলা গাছের আঠা

(ট) নাগর মোথা

(ঠ) গঁদ (Gum Traca Canth)

(ড) নারকেল তেল, ঘি

(ঢ) সোরা [1. Salt petre, 2. Nitre 3. Potassium Nitrate]

(ণ) চিনির সিরা বা ঝোলা গুড় (Treacle)

(ত) গুগগুল

(থ) ভাতের মাড়

(দ) দেবদারু কাঠের গুড়ো

(ধ) রাল (বিরজার ন্যায় একপ্রকার আঠা, একে সাদা ধুপও বলা হয়)

৩। প্রয়োজনীয় সরঞ্জাম :

(ক) উদুখল, (খ) হামাম-দিস্তা

(গ) শিল নোড়া (ঘ) কড়াই

(ঙ) ডেস্কের মতো টেবল, চৌকি। সেখানে মশলা রাখা হবে।

(চ) দাড়ি-পাল্লা

(ছ) বাটখারা

(জ) মাপার গ্লাস (Measure glass)

ধুপকাঠি তৈরির প্রক্রিয়া

পরিমাণ মতো মশলা মিহি করে গুঁড়ো ছেঁকে নিতে হবে, গঁদ মাখিয়ে আঠাল করে নিতে হবে। তারপর ডেস্কের ন্যায় টেবিলে সেই মশলা রাখতে হবে। কাঠিতে মশলা মাখাতে হবে। কাঠিতে আঠা আঠা ভাব থাকলে

পরে সামান্য চন্দনের গুঁড়ো বা সুগন্ধিত কাঠ কয়লার গুঁড়ো মাখিয়ে নিতে পারেন। সস্তা দামের ধূপকাঠির প্যাকেট ভর্তি করার সময় কয়েক ফোঁটা পছন্দ মতো সুগন্ধ (perfume) মিশ্রিত করতে পারেন।

সস্তা দামের ধূপকাঠি তৈরি

মেদা কাঠ (ভালো করে পেষা)	৫০০ গ্রাম
কাঠ কয়লা (মিহি করে পেষা)	১০০ গ্রাম

একটা বড়ো পাত্রে মেদা কাঠের গুঁড়ো আর কাঠ কয়লার গুড়ো ভালো করে মেশান। বারবার হাত দিয়ে নেড়ে চেড়ে মেশান। চালুনি দিয়ে ছেঁকে নিন। এবার প্রয়োজন মতো জল মিশিয়ে থকথকে করুন। ভালো করে মলাই মলাই করুন—তারপর এই ডেস্কসদৃশ চৌকিতে কাঠিগুলো রেখে এই মশলা দিয়ে মাখিয়ে নিন। মশলা কাঠিতে ভালোভাবে লেগে গেলে বুঝতে পারবেন যে ধূপকাঠি তৈরি হয়ে গেল।

বিঃ দ্রঃ উপরে প্রদত্ত এই ফরমূলাটি সাধারণ এবং সস্তা দামের ধূপকাঠি তৈরির ফরমূলা—কিন্তু অপেক্ষাকৃত মূল্যবান ধূপকাঠি তৈরি করতে হলে এর ৪০০ গ্রাম মশলার সঙ্গে অন্ততঃ ৫০ গ্রাম শ্বেত চন্দন কাঠের গুড়ো মেশানো আবশ্যক।

সস্তা দামের ধূপকাঠি তৈরির আরও কিছু ফরমূলা নীচে দেওয়া হোল ঃ

১নং ফরমূলা

ধূপকাঠ বা ধুনা	১ কেজি
সাদা চন্দনের গুড়ো বা লেই	২৫ গ্রাম
অগর	৫ গ্রাম
গুগগুল	২৫০ গ্রাম
অগর	১০ গ্রাম
কর্পূর	১০ গ্রাম

পদ্ধতি

উপরোক্ত সব উপাদানগুলো আগে হামাম দিস্তায় ভালোভাবে কুটে, একদম মিহি পাউডারের মতো করে বাবলার আঠা ও জল দিয়ে মেখে নিন। এবার কাঠিতে মশলা মাখুন।

২নং ফরমুলা

উপকরণ

ধুপ কাঠ বা ধুনা	২ কেজি
সাদা চন্দনের গুড়ো বা লেই	৫০০ গ্রাম
গুগগুল	১ কেজি
কর্পূর	৫ গ্রাম

পদ্ধতি

কর্পূরকে পিষে আগে চন্দনের গুড়োর সঙ্গে ভালোভাবে মিশিয়ে নিন। উদুখলে ধুনা আর গুগগুল ভালভাবে কুটে নিন। কোটার সময় মাঝে কর্পূর মিশ্রিত সাদা চন্দনের গুড়ো ধুনার মিশ্রণের সঙ্গে মিশিয়ে দিন। তারপরে পূর্বে বর্ণিত প্রক্রিয়া অনুসারে ধুপ কাঠিতে মাখিয়ে নিন।

৩নং ফরমুলা

উপকরণ

ধুপকাঠি বা ধুনা	২০ গ্রাম
সাদা চন্দনের গুড়ো বা লেই	২½ গ্রাম
গুগগুল	৫ গ্রাম
কর্পূর	১ গ্রাম
ঘি বা ডালডা	প্রয়োজনমতো

পদ্ধতি

কর্পূর চন্দনের গুড়োর সঙ্গে ভালোভাবে মিশিয়ে আলাদা পাত্রে রাখুন। তারপর গুগগুল, ধুপকাঠ বা ধুনা উদুখলে দিয়ে কুটতে থাকুন, মাঝে মাঝে চন্দনেব গুড়ো আর ঘি বা দালদা দিয়ে কুটুন। থকথকে হয়ে এলে কাঠিতে মশলা লাগান।

৪নং ফরমুলা
উপকরণ

সাদা চন্দনের গুড়ো বা লেই	৫০ গ্রাম
খগ	৫০ গ্রাম
নাগর মোথা	৫০ গ্রাম
পাণ্টট্রী	৫০ গ্রাম
গুগ্‌গুল	৫০ গ্রাম
নারকেল তেল	৫০ গ্রাম
কাঠ কয়লার গুড়ো	৫০ গ্রাম
কর্পূর	২৫ গ্রাম
পারফিউম (পেরু বালসাম)	১০ সি. সি.

পদ্ধতি

পারফিউম ব্যতীত অপরাপব উপাদানসমূহ একত্রে মিলিয়ে মিশিয়ে নিন থকথকে লেইয়ের মতো হলে কাঠিতে মাখাবার আগে ঐ মিশ্রণের সঙ্গে পারফিউম মিশিয়ে নিন।

৫নং ফরমূলা
উপকরণ

ধুপ কাঠ বা ধুনা	১ কেজি
গুগগুল	১ কেজি

তেজপাতা	৫ গ্রাম
দেবদারু কাঠ চূর্ণ	১০ গ্রাম
অগর	৫ গ্রাম
কর্পূর	২ গ্রাম
কস্তুরী	১ মাশা

পদ্ধতি

ধূনা ও গুগগুল বাদে অপরাপর শুষ্ক উপাদানসমূহ আগে মিহি পাউডারের ত্যা গুঁড়ো করে ছেঁকে নিন। ধূনা এবং গুগগুল আলাদা কুটে নিন। বার সময় একটু একটু করে অপরাপর শুষ্ক পদার্থের গুড়া মেশান। রশেষে কস্তুরী মেশান। এবং কাঠিতে মশলা লাগান।

৬নং ফরমুলা

উপকরণ

ধূপ কাঠ বা ধুনা	১ কেজি
অগর	১০ গ্রাম
পান্টী	১০ গ্রাম
লাল চন্দনের গুড়ো বা লেই	২৫ গ্রাম
গুগগুল	১ কেজি
অগর	১০ গ্রাম
তেজপাতা	১০ গ্রাম
ঘি বা নারকেল তেল	প্রয়োজনমতো
কস্তুরী	১ মাশা

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

বেশি দামের ধূপকাঠি তৈরির ফরমূলা

উপকরণ

শ্রেষ্ঠ বা উত্তম শ্রেণীর ধূপকাঠির তৈরির মশলার সঙ্গে ইয়ারা ইয়া পাউডার (yara yara powder) বা Musk-crystal ব্যবহারে ধূপকা অত্যন্ত মনোরম গন্ধযুক্ত হয়ে থাকে ।]

১নং ফরমূলা ঃ উপকরণ

সাদা চন্দনের গুঁড়ো	৫০ গ্রাম
ধুনা (পেষাই করা)	৫০ গ্রাম
কাঠ কয়লার গুঁড়ো	৫০ গ্রাম
গুগগুল (পেষাই করা)	৫০ গ্রাম

পদ্ধতি

উপরোক্ত চারটি উপাদান মিহি পাউডারের মতো চূর্ণ করে মিশ্রিত কর মেশাবার সূক্ষ্ম চালুনি দিয়ে ছেঁকে নিন। তারপর প্রয়োজনমতো জল বাবলার আঠা মিলিয়ে থকথকে করুন। এবার কাঠিতে মশলা মাখান।

২নং ফরমূলা ঃ উপকরণ

ব্রাহ্মী বুটি	৫০ গ্রাম
সাদা চন্দনের গুড়ো	৫০ গ্রাম
দেবদারু কাঠের গুঁড়ো	২৫ গ্রাম
মাস্ক ক্রিস্ট্যাল	৫ গ্রাম
গোলাপ ফুল	৫০ গ্রাম
বাবলার আঠা ও জল	প্রয়োজন ম
কর্পূর	৫ গ্রাম

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির ন্যায়। সর্ব শেষে মাস্ক ক্রিস্ট্যাল প্রয়োগ করবে

২নং ফরমুলা ঃ উপকরণ

সাদা চন্দনের গুঁড়ো	২½ কেজি
ধুনা	২৫০ গ্রাম
লোবান	২৫০ গ্রাম
দারচিনি	১০ গ্রাম
জায়ফল	১০ গ্রাম
কাঠ কয়লার গুঁড়ো	৫০ গ্রাম
বাবলার আঠা	২৫ গ্রাম
ইয়ারা ইয়ারা পাউডার	১০ গ্রাম
গোলাপ জল	প্রয়োজনমতো

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির ন্যায়। গোলাপ জল ও ইয়ারা ইয়ারা পাউডার দে অন্যান্য উপাদানসমূহ আগে মিহি পাউডারের মতো গুঁড়ো করুন। কে নিন। গোলাপ জল মিশিয়ে থকথকে করুন। সর্বশেষে ইয়ারা য়া পাউডার মেশান

৩নং ফরমুলা ঃ উপকরণ

লাল চন্দনের গুঁড়ো	৫০ গ্রাম
নাগর মোথা	১০ গ্রাম
গোলাপ ফুলের পাপড়ি	১০ গ্রাম
তেজপাতা	১০ গ্রাম
ধুনা	৫০ গ্রাম
দানা এলাচি	১০ গ্রাম
ফিনোল এ্যাসিটিক এ্যাসিড	৫ গ্রাম

বাবলার আঠা	৫০ গ্রাম
সুরিট পাউডার	৫০ গ্রাম
ইয়ারা ইয়ারা পাউডার	১০ গ্রাম
গোলাপ জল	প্রয়োজনমত

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

৪নং ফরমুলা: উপকরণ

সাদা চন্দনের গুঁড়ো	৪ কেজি
লাল চন্দনের গুঁড়ো	৩ কেজি
নাগর মোথা	৫০০ গ্রাম
দারুচিনি	৫ গ্রাম
বাবলার আঠা	২৫ গ্রাম
লোবান	১ কেজি
চন্দন তেল	৫ আউন্স

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

৫নং ফরমুলা: উপকরণ

সাদা চন্দনের গুঁড়ো	৫০ গ্রাম
গুগগুল	৫০ গ্রাম
দেবদারু কাঠের গুঁড়ো	৫০ গ্রাম
নাগর মোথা	৫০ গ্রাম
ধুনা	১০০ গ্রাম

অগর	৫০ গ্রাম
কর্পূব	৫০ গ্রাম
খস্ (চূর্ণ)	৫০ গ্রাম
সোরা	৫০ গ্রাম
বাবলাব আঠা	প্রয়োজনমতো
গোলাপ জল	

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ

৬নং ফরমূলা ঃ উপকরণ

কর্পূব	৫০ গ্রাম
সাদা চন্দনের গুঁড়ো	৫০ গ্রাম
সোরা	২৫ গ্রাম
কাঠ কয়লার গুঁড়ো	১৫০ গ্রাম
লোবান	২৫০ গ্রাম
বাবলার আঠা	প্রয়োজন মতো
ইয়ারা ইয়াবা পাউডার	১০ গ্রাম

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতিব অনুরূপ

৭নং ফরমুলা উপকরণ

কর্পূর	৫০ গ্রাম
সাদা চন্দনের গুঁড়ো	১০০ গ্রাম
সোরা	৫০ গ্রাম
কাঠ কয়লার গুঁড়ো	১০০ গ্রাম

অগর বা ধুনা	১০০ গ্রাম
বাবলার আঠা	১০০ গ্রাম
লোবান	৫০০ গ্রাম
গোলাপ জল	প্রয়োজনমতে

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির মতো।

৮নং ফরমুলা ঃ উপকরণ

নাগর মোথা	১০০ গ্রাম
সাদা চন্দন গুঁড়ো	২½ কেজি
ধুনা	১ কেজি
লোবান	২ কেজি
গোলাপ ফুলের পাপড়ি	৫০০ গ্রাম
দেবদারু কাঠের গুঁড়ো	৫০০ গ্রাম
তেজ পাতা	৫০ গ্রাম
গোলাপ জল	প্রয়োজনমতে
ইয়ারা ইয়ারা পাউডার বা মাস্ক ক্রিস্টাল	৫ গ্রাম

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতিব অনুরূপ।

৯নং ফরমুলা ঃ উপকরণ

সাদা চন্দনের গুঁড়ো	১০০ গ্রাম
অগর (Aguru) কাঠ	৫০ গ্রাম
জায়ফল	২৫ গ্রাম
দেবদারু কাঠের গুঁড়ো	১০০ গ্রাম

জৈত্রী	২৫ গ্রাম
লোবান	১০০ গ্রাম
নাগর মুথা	১০০ গ্রাম
দারুচিনি	১০০ গ্রাম
গোলাপ ফুল	১০০ গ্রাম
মেদা কাঠের গুঁড়ো বা ধুনা	২৫০ গ্রাম
গোলাপ জল	প্রয়োজনমতো

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ

১০নং ফরমুলা : উপকরণ

সাদা চন্দনের গুড়ো	২৫০ গ্রাম
গোলাপ ফুল	১০০ গ্রাম
নাগর মুথা	২৫০ গ্রাম
কাঠ কয়লার গুড়ো	২৫০ গ্রাম
গুগগুল	২৫০ গ্রাম
মেদা কাঠ বা ধূনা	১০০ গ্রাম
ইয়ারা ইয়ারা পাউডার	২৫ গ্রাম
জল বা গোলাপ জল	প্রয়োজনমতো

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ

১১নং ফরমুলা : উপকরণ

গোলাপ ফুল	২৫০ গ্রাম
ধুনা	১০০ গ্রাম

সোরা	২০০ গ্রাম
বড় এলাচির দানা	১০০ গ্রাম
শুকনো আমলকী (বীচি বাদে)	৫০ গ্রাম
তেজপাতা	৫০ গ্রাম
গুগগুল	৫০ গ্রাম
বাবলার আঠা	৫০ গ্রাম
ইয়ারা ইয়ারা পাউডার	১০ গ্রাম
জল বা গোলাপ জল	প্রয়োজনমতে

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ

১২নং ফরমূলা ঃ উপকরণ

গুগগুল	১ কেজি
লোবান	১ কেজি
সাদা চন্দনের গুঁড়ো	৫০০ গ্রাম
কাপাস কাঠের কয়লা	৫০০ গ্র ম
দুধ	প্রয়োজনমতে

১৩নং ফরমুলা ঃ উপকরণ

সাদা চন্দনের গুঁড়ো	৫০ গ্রাম
দারুচিনি	২৫ গ্রাম
নাগর মুথা	২৫ গ্রাম
কর্পূর	২৫ গ্রাম
কাপাস কাঠের কয়লা	১০০ গ্রাম
লোবান	২০ ০ গ্রাম

সোরা	১০০ গ্রাম
মেদা কাঠ বা ধূনা	২০০ গ্রাম
ভাতের মাড়	প্রয়োজনমতো

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ

১৪নং ফরমূলা ঃ উপকরণ

লোবান	২০০ গ্রাম
কাঠ কয়লা	১৫০ গ্রাম
চন্দন তেল	১০০ সি. সি
কেস্ক করেলা অয়েল	৫০ সি. সি.
সোরা	১০০ গ্রাম
সাদা ধূনা	৫০ গ্রাম
বাবলার আঠা	প্রয়োজন মতো
গোলাপ জল	প্রয়োজন মতো

পদ্ধতি

পূর্বোল্লিখিত পদ্ধতির অনুরূপ।

ধূপকাঠি তৈরি সম্পর্কে অপরাপর তথ্য

১। কাঠির নীচের দিকের ১½ ইঞ্চি পরিমাণ বাদ দিয়ে মশলা মাখতে।

২। মশলায় আঠালো ভাব আনার জন্য বাবলার আঠা ব্যবহার করা ৫ গ্রাম জলে ১ গ্রাম পরিমাণ বাবলার আঠা গোলা যায়।

৩। মশলা সর্বদা মিহি পাউডারের মতো করে নিতে হবে এবং ছেঁকে হবে।

প্যাকিং ব্যবস্থা

ধূপ কাঠির দৈর্ঘ্য অনুযায়ী সচরাচর প্যাকিং ব্যবস্থা অনুসরণ করা থাকে। প্রত্যেক কাগজের প্যাকটে ১৬টি কাঠি থাকা দরকার। ১৪৪টি কাগজের প্যাকেটের অর্থ ১ গ্রোস। ১ গ্রোস ধূপকাঠির ওজন সচ ২ কিলোগ্রাম হয়ে থাকে। প্যাকিংয়ে যে কাডবোর্ড ব্যবহার করা হ সচরাচর মধ্যম শ্রেণীর হয়ে থাকে। কার্ডবোর্ড কিনে নিয়ে নিজেরা বাক্স করে নিতে পারেন। সস্তা দামের ধূপকাঠি অয়েল পেপারেও মোড়া হয়

অন্যান্য তথ্য

ক। এক কিলোগ্রাম কাঠিতে প্রায় ২½ কিলোগ্রাম মশলা ল হয়।

খ। কাঠির দৈর্ঘ্য ৮ ইঞ্চি থেকে শুরু ১০½ ইঞ্চি হতে পারে। ১½ ইঞ্চি পরিমাণ জায়গায় কোনো মশলা লাগানো হয় না।

গ। মশলা লাগাবার পর ১ কিলোগ্রাম ধূপকাঠিতে প্রায় ১৩০০ কাঠি থাকে

ঘ। আজকাল মূল্যবান উপাদানাদি দিয়ে ধূপ কাঠির তৈরির প্রায় উঠে গেছে। সেক্ষেত্রে অল্প দামের মশলার সঙ্গে প ব্যবহার করা হয়। পেরু বালসাম সেন্ট এ ব্যাপারে বি করে

ঙ। যতো কম দামেরই ধূপকাঠি তৈরি করুন না কেন ধূপকাঠির মশলা কাঠিতে যে পর্যন্ত লাগানো হয়েছে, নির্ভিয়ে না দেও জ্বলবে এবং জ্বলবার সময় মনোরম গন্ধ যত ছড়াবে ততই মূল্যবান মনে হবে।

দ্বিতীয় অধ্যায়

মোমবাতি তৈরি

উপকরণ

মোমবাতির জন্য প্রয়োজনীয় কাঁচা মাল আজকাল একমাত্র প্যারাফীন দিয়েই মোমবাতি তৈরি করা হয়ে থাকে। এই প্যারাফীন বার্মা শেল কোম্পানী বা ইণ্ডিয়ান অয়েল কোম্পানির কোনো ব্রাঞ্চ মোম বিক্রী করে থাকেন। এরূপ এজেণ্টদের কাছ থেকে ন্যায্য মূল্যে সংগ্রহ করা যেতে পারে।

মোমবাতি তৈরির ছাচ ঃ

এই ছাচ অ্যালুমিনিয়মের তৈরি। ছোটো বা বড়ো নানান আকারের ছাঁচ কিনতে পাওয়া যায়।

এরূপ ছাঁচের দাম বেশি নয়। এক সঙ্গে ৬৪টি মোমবাতি তৈরি করা যায়। এরূপ ছাঁচের দাম হলো ১২৫ টাকা থেকে ১৫০ টাকা।

মোমবাতি তৈরি করার পদ্ধতি ঃ

যে আকারের মোমবাতি তৈরি করতে হবে, অনুরূপ আকারের ছাঁচে

প্রথমে তাগা পুরে নিতে হবে। এবার ছাঁচের দু'পাশে ক্লিপ দিয়ে আটকে দিন, যাতে খুলে না যায়।

এবার একটা পাত্রে ছোটো ছোটো আকারের প্যারাফীনের খণ্ডগুলো আগুনের উত্তাপে গলিয়ে নিন। প্রয়োজনবোধে ইচ্ছেমতো রং মেশাতেও পারেন। এবার ছাঁচে গলানো প্যারাফীন ঢেলে দিন। তারপর ছাঁচটি ঠাণ্ডা জলে রেখে দিন। জমাট বেঁধে গেলে, ছাঁচ খুলে মোমবাতিগুলো বের করুন।

তারপর বাণ্ডিল করে প্যাক করুন এবং লেবেল লাগান।

বিভিন্ন আকারের মোমবাতি তৈরি করা যেতে পারে।

নতুন ডিজাইনের ও নানা আকারের বড়ো বা ছোটো, সরু বা মোটা মোমবাতি তৈরি করার জন্য পোড়া মাটির তৈরি নানান আকারের ছাঁচ কিনতে পাওয়া যায়।

বর্তমানে মোমবাতি তৈরি একটি লাভজনক উদ্যোগ। অহরহ লোডশেডিং লেগেই আছে, অতএব মোমবাতির চাহিদাও ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। মোমবাতিতে যে তাগা ব্যবহার করা হয় তা দু'রকমের :

(১ সাদা তাগা।

(২) ব্রেডিং মেশিন দ্বারা কাটা তাগা।

সাদা তাগা এক কিলোর দাম ১০ থেকে ১৫ টাকা। আর অপেক্ষাকৃত দৈর্ঘ্যের তাগার এক কিলোগ্রামের দাম ২০ টাকা।

বিঃ দ্রঃ মোমবাতি তৈরির জন্য আজকাল অটোমেটিক মেশিনও কিনতে পাওয়া যায়। এই মেশিন বিদ্যুৎ দ্বারা চালিত। ছোটো বা বড়ো নানান আকারের মোমবাতি এই মেশিনের দ্বারা তৈরী করা যায়।

তৃতীয় অধ্যায়

নাইলনের বোতাম তৈরি

উপকরণ

প্রয়োজনীয় কাঁচা মালঃ অ্যাক্রীলিক প্লাস্টিক বা নাইলন শী
প্রয়োজন অনুযায়ী বাজারে পাওয়া যায়।

প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ

(ক) **প্ল্যাষ্টিক কাটিং মেশিন**—এই মেশিনটির সহায়তায় প্ল্যাষ্টিক
প্রয়োজনীয় আকার অনুযায়ী কেটে নেওয়া যায়।

(খ) **ড্রিলিং মেশিন**—বোতাম তৈরির জন্য গোল টুকরো করতে লা

(গ) **ডিজাইনিং বা শেপিং মেশিন** বোতামের জন্য গোল টুক
কাটাকে এ মেশিনের সহায়তায় ডিজাইনকে বাস্তব রূপ দেওয়া হয়।

(ঘ) **হোল (Hole) মাষ্টার মেশিন**—এই মেশিন দ্বারা প্রতিটি বোত
দুটি বা চারটি ছিদ্র করা হয়ে থাকে।

(ঙ) **পলিশিং মেশিন**—বোতাম তৈরি হয়ে যাওয়ার পর এই মেশি
পালিশ করা হয়ে থাকে।

বিঃ দ্রঃ উপরোক্ত যন্ত্রাদির দ্বারা প্লাষ্টিকের বোতামও তৈরি করা (
পারে।

ফাউণ্টেন পেন তৈরি

উপকরণ

প্রয়োজনীয় কাঁচা মালঃ

(ক) **প্ল্যাষ্টিক পাউডারঃ** এই পাউডারটি পোলিষ্টারিন পাউ
থেকে তৈরি হয়। সস্তা দামের সাধারণ ফাউণ্টেন পেন তৈরি করার
সচরাচর এই পাউডারটি ব্যবহার করা হয়ে থাকে।

(খ) **এবোনাইট পাউডার ঃ** [অপেক্ষাকৃত মূল্যবান ফাউন্টেনের বডি রির জন্য এই পাউডারটি ব্যবহার করা হয়ে থাকে।

প্রয়োজনীয় মেশিন বা যন্ত্রপাতি ঃ

১। ইনজেক্শান মোল্ডিং মেশিন (½ আউন্সের)

২। ইনজেক্শান মোল্ডিং মেশিন (১ আউন্সের)

৩। স্ট্যাম্পিং মেশিন

